উদ্যোক্তা ঋণ (ঋগউ) চাহিদা বৃদ্ধি পাচ্ছে। এটা সর্বজন স্বীকৃত যে, গ্রামেরজনগণকে আয় উৎসারী কার্যক্রমে যথোপযুক্ত প্রশিক্ষণ ও ঋণ সহায়তার মাধ্যমে তাঁদের আর্থ-সামাজিক উন্নয়ন করা প্রয়োজন। কৃষি ও অকৃষি ক্ষেত্রে টেকসই কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে সরকারের দারিদ্র্য বিমোচনপ্রচেষ্টায় সহায়তা দানের লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়েরপল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক দেশের ৫টি বিভাগের ২৩টি জেলার ১৫২টি উপজেলায় জুলাই, ১৯৯৮ হতে জুন, ২০০৭ মেয়াদে "পল্লী জীবিকায়ন প্রকল্প-১ম পর্যায়চসফলভাবে বাস্তবায়িত হয়। পরবর্তীতে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনক্রমেপ্রকল্পের কার্যক্রম জুলাই, ২০০৭ থেকে জুন, ২০১২ মেয়াদে সমাপ্ত প্রকল্পের আদলে নিজস্ব আয় দ্বারা কর্মসূচি হিসেবে পরিচালিত হয়। জুলাই, ২০১২ থেকে জুন, ২০১৮ মেয়াদে "পল্লী জীবিকায়ন প্রকল্প-২য় পর্যায় দেশের ০৭টি বিভাগের ৪২টি জেলার ১৯০টি উপজেলায় "পল্লী জীবিকায়ন প্রকল্প-২য় পর্যায়চ গ্রহণ করা হয়। প্রকল্পটির মেয়াদ শেষে জুলাই/২০১৮ হতে জুন/২০২১ পর্যন্ত নিজস্ব অর্থায়নে পুণরায় কর্মসূচি আকারে পরিচালিত হয়।